**একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

গণভোট ২০২৬
সংসদ নির্বাচনে
দেশের চাবি
আপনার হাতে

নম্বর: ৪৬.০০.০০০০.০৩৯.০০৬.০০১.২০২২-৩০০

তারিখ: ২২ মাঘ ১৪৩২ / ০৫ ফেব্রুয়ারি ২০২৬

## বাসা বরাদ্দের নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের কোটাভুক্ত নিম্নবর্ণিত খালি/বরাদ্দযোগ্য বাসা বরাদ্দ প্রদানের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগের স্থায়ী কর্মচারীদের নিকট হতে আবেদন/দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক | বাসার নম্বর ও এলাকা | বাসার শ্রেণি | আবেদনকারীর মূল বেতন ও গ্রেড (সর্বশেষ সংশোধনী অনুযায়ী) |
|---|---|---|---|
| ১ | চন্দ্রমল্লিকা-সি-১২/৪<br>একতা কমপ্লেক্স<br>তালতলা, আগারগাঁও, ঢাকা | সি-১ শ্রেণি | (১২-১৪ গ্রেড)<br>মূল বেতন ১৩০৫০/- হতে তদুর্ধ্ব |
| ২ | ঙ-১০১ (নীচতলা) কল্লোল<br>আগারগাঁও সরকারি কলোনী<br>শেরে-বাংলানগর, ঢাকা | বি শ্রেণি | (১৬-১৮ গ্রেড)<br>মূল বেতন ১১২৫০/- হতে তদুর্ধ্ব |

০২। এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের কর্মচারীদের মধ্যে যারা বাসা বরাদ্দ পেতে ইচ্ছুক তাদেরকে প্রশাসন-১ শাখা অথবা এ বিভাগের ওয়েবসাইট হতে ফরম সংগ্রহপূর্বক আগামী ০৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হলো। **ইতোপূর্বে যে সকল কর্মচারী বাসা বরাদ্দের জন্য আবেদন করেছেন তাদেরকেও নতুনভাবে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।** বিধিবহির্ভূত এবং নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

**শর্তাবলী:**

১. Bangladesh Allocation Rules, 1982 অনুসারে বরাদ্দের প্রাধিকার ও জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
২. দাখিলকৃত তথ্যাবলির উপযুক্ত প্রমাণক দাখিল করতে হবে;
৩. তথ্য গোপন করে দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে ইস্যুকৃত বরাদ্দপত্র Bangladesh Allocation Rules, 1982 এর সাথে সাংঘর্ষিক হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বরাদ্দপত্র প্রত্যাহার অথবা বাতিলের এখতিয়ার এ বিভাগ সংরক্ষণ করে;
৪. বাসা খালি থাকলে বরাদ্দ আদেশ প্রাপ্তির ০১ (এক) মাসের মধ্যে বাসার দখল না নিলে তার বরাদ্দ স্বয়ংক্রিয়ভাবে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে; এবং
৫. আগামী ০৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের পরে প্রাপ্ত আবেদন বাসা বরাদ্দ সংক্রান্ত সভায় বিবেচিত হবে না।

০৫/০২/২৬

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: ০২-৫৫১০১১৮১
E-mail: lgadmin1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৩৯.০০৬.০০১.২০২২-৩০০/১(৯)

তারিখ: ২২ মাঘ ১৪৩২ / ০৫ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা, গেইট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা।
৫. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৬. উপসচিব (বাজেট), স্থানীয় সরকার বিভাগ।
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৮. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অফিস কপি।

খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
www.lgd.gov.bd

# স্থানীয় সরকার বিভাগের কোটাভুক্ত বাসা বরাদ্দের জন্য আবেদন ফরম

(নমুনা)

১. কর্মচারীর নাম (স্পষ্টাক্ষরে) ..................................................................

২. পদবি ও শাখা ..................................................................

৩. (ক) পিতা/স্বামীর নাম ..................................................................

(খ) পিতা/স্বামীর পেশা (চাকুরিজীবি হলে পদবী ও কর্মস্থলের ঠিকানা)..................................................

(গ) পিতা/স্বামীর মাসিক বেতন ..................................................................

৪. (ক) বেতন স্কেল ও গ্রেড ..................................................................

(খ) বর্তমান মূল বেতন ..................................................................

৫. জন্ম তারিখ ..................................................................

৬. সরকারি চাকুরিতে যোগদানের তারিখ ..................................................................

৭. বর্তমান পদে যোগদানের তারিখ ..................................................................

৮. বিবাহিত/অবিবাহিত কি না ..................................................................

৯. পরিবারের সদস্যদের বিবরণ:

| ক্রমিক নম্বর | নাম | বয়স | সম্পর্ক |
|---|---|---|---|
| ১ | | | |
| ২ | | | |
| ৩ | | | |
| ৪ | | | |
| ৫ | | | |

১০. বাসস্থান/বরাদ্দ সম্পর্কিত তথ্য:

| বর্তমান ঠিকানা | প্রার্থীত এলাকা/বাসা | ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় কোন বাড়ি আছে কি-না | বরাদ্দের ধরণ (নতুন/বদলী) |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

আমি প্রত্যয়ন করছি যে, উপর্যুক্ত তথ্যসমূহ আমার সর্বোচ্চ জ্ঞান ও বিশ্বাসমতে সত্য। সরকারি বাসা বরাদ্দ সম্পর্কিত বিধিসমূহ মেনে চলব। আমার নামে সরকারি বাসা বরাদ্দ প্রদান করা হলে সম্পূর্ণ বা অংশবিশেষ অন্যের নিকট ভাড়া দিব না। বরাদ্দ সংক্রান্ত কোন বিধি বা শর্ত ভঙ্গ করলে উপযুক্ত কর্তৃপক্ষের যেকোন সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকব।

আবেদনকারীর স্বাক্ষর, তারিখ ও মোবাইল নম্বর:

হিসাবরক্ষণ কর্মকর্তার স্বাক্ষর
(বেতন সংক্রান্ত বিষয়ের প্রত্যয়নের জন্য)

CamScanner